গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.৪৫.১৬.২০২২- ৫৯৮ তারিখ: ৩১/০৮/২০২২ খ্রি.

**বিষয়: জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে বিষয় নির্ধারণের জন্য শিক্ষকদের তথ্য হালনাগাদকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সারাদেশের মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক এর সাহায্যে শিখন কার্যক্রম চালু হতে যাচ্ছে। নতুন শিক্ষাক্রমে ব্যাপক পরিবর্তন হয়েছে। শিক্ষাক্রম বাস্তবায়নের জন্য শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ প্রদানের পূর্বে নতুন শিক্ষাক্রম অনুযায়ী মাধ্যমিক পর্যায়ে পাঠদানরত শিক্ষকদের বিষয় নির্ধারণ করা প্রয়োজন। জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে মাধ্যমিক পর্যায়ে পাঠদানরত শিক্ষকদের বিষয় নির্ধারণ করে শিক্ষকদের ডাটাবেজ হালনাগাদ করার জন্য www.emis.gov.bd ওয়েবসাইটে এ NCF নামে একটি মডিউল করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যাদের ই.আই.আই.এন নম্বর আছে) www.emis.gov.bd ওয়েবসাইটে লগ-ইন করে তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বিষয় নির্ধারণ করতে পারবেন। যে সকল নন এমপিও শিক্ষক রেজিস্ট্রশন করেননি তাঁদেরকে রেজিস্ট্রেশন করে বিষয় নির্ধারণ করতে হবে। বিষয় নির্ধারণ এবং ডাটাবেজ হালনাগাদ সংক্রান্ত দুইটি পৃথক গাইডলাইন পত্র সাথে সংযুক্ত করা হয়েছে।

এঅবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যাদের ই.আই.আই.এন নম্বর আছে) কে আগামী ১০-০৯-২০২২ তারিখের মধ্যে সংযুক্ত গাইডলাইন অনুযায়ী www.emis.gov.bd ওয়েবসাইটে লগ-ইন করে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বিষয় নির্ধারণ কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বি:দ্র: বিষয়টি অতীব জরুরি এবং মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে (সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যাদের ই.আই.আই.এন নম্বর আছে) বাধ্যতামূলকভাবে বিষয় নির্ধারণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

সংযুক্তি
১. বিষয় নির্ধারণ সংক্রান্ত গাইডলাইন
২. ডাটাবেজ হালনাগাদ সংক্রান্ত গাইডলাইন

স্বা/-
(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক

প্রতিষ্ঠান প্রধান
(মাধ্যমিক পর্যায়ের সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যাদের ই.আই.আই.এন নম্বর আছে)

স্মারক নং:৩৭.০২.০০০০.১১০.৪৫.১৬.২০২২- ৫৯৮(১০) তারিখ: ৩১/০৮/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড,ঢাকা
২. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৩. আঞ্চলিক পরিচালক (সকল অঞ্চল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (তাঁর আওতাধীন অঞ্চলে প্রচারণার অনুরোধসহ)

৪. আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক,সকল অঞ্চল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (তাঁর আওতাধীন অঞ্চলে সকল শিক্ষা প্রতিষ্ঠানের বিষয় নির্ধারণ নিশ্চিত করার অনুরোধসহ)
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ,ঢাকা (অফিস আদেশটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড ও নোটিশ আকারে প্রচারের অনুরোধসহ)
৬. জেলা শিক্ষা অফিসার (সকল জেলা) (তাঁর আওতাধীন জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের বিষয় নির্ধারণ নিশ্চিত করার অনুরোধসহ)
৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (তাঁর আওতাধীন উপজেলা/থানার সকল শিক্ষা প্রতিষ্ঠানের বিষয় নির্ধারণ নিশ্চিত করার অনুরোধসহ)
৮. পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৯. পি এ টু পরিচালক (প্রশিক্ষণ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১০. সংরক্ষণ নথি।

৩১|০৮|২০২২

ড. নীহার পারভীন
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৪)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

সংযুক্তি ১

# নতুন শিক্ষাক্রম অনুযায়ী বিষয় বণ্টনের নির্দেশনা

## সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে বিষয়ভিত্তিক পদে কর্মরত শিক্ষকদের জন্য

| ক্রম | নতুন শিক্ষাক্রমের বিষয় | বিষয়ভিত্তিক পদ (বিদ্যমান) |
|---|---|---|
| ১. | বাংলা | বাংলা |
| ২. | ইংরেজি | ইংরেজি |
| ৩. | গণিত | গণিত |
| ৪. | বিজ্ঞান | ভৌতবিজ্ঞান / জীববিজ্ঞান |
| ৫. | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | সামাজিক বিজ্ঞান / ভূগোল |
| ৬. | ডিজিটাল প্রযুক্তি | ভৌতবিজ্ঞান / আইসিটিতে প্রশিক্ষণপ্রাপ্ত অথবা আইসিটিতে দক্ষ যেকোনো বিষয়ের শিক্ষক |
| ৭. | জীবন ও জীবিকা | কৃষি শিক্ষা / ব্যবসায় শিক্ষা |
| ৮. | স্বাস্থ্য সুরক্ষা | শারীরিক শিক্ষা / গার্হস্থ্য অর্থনীতি/জীববিজ্ঞান |
| ৯. | ধর্ম শিক্ষা | ধর্ম ও নৈতিক শিক্ষা |
| ১০. | শিল্প ও সংস্কৃতি | চারু ও কারুকলা |

**২০২৩ সাল থেকে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে প্রণীত নতুন পাঠ্যপুস্তক ও শিখন সামগ্রীর বাস্তবায়ন শুরু হতে যাচ্ছে। উক্ত শিক্ষাক্রমে ৪টি ধর্ম শিক্ষাসহ মোট ১৩টি বিষয় রয়েছে। সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে বিদ্যমান পদগুলোতে যারা শিক্ষক হিসেবে বর্তমানে কর্মরত রয়েছেন, তারা নতুন শিক্ষাক্রম অনুযায়ী কে কোন বিষয়ে শ্রেণি শিখন শেখানো কার্যক্রম পরিচালনা করবেন এবং কোন বিষয়ে প্রশিক্ষণ নিতে পারবেন তা উপরের তালিকায় বিন্যস্ত করা হয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ এই তালিকা অনুসরণ করে তার প্রতিষ্ঠানে শিক্ষকগণের জন্য বিষয় বণ্টন করবেন। এক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলো লক্ষ্য রাখতে হবে:

- তালিকা অনুসরণ করে প্রতিষ্ঠান প্রধানগণ তার শিক্ষকগণের জন্য বিষয় বণ্টন করে অনলাইনে বিষয়ভিত্তিক শিক্ষকগণের ডাটা এন্ট্রি দিবেন।
- বিদ্যমান সকল বিষয়ের শিক্ষককে পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী নির্বাচিত বিষয়সমূহের কোনো না কোনো বিষয়ের নাম অনলাইনে এন্ট্রি দিতে হবে।
- কোনো বিদ্যালয়ে শিক্ষকের সংখ্যা ১০ জন হলে ১০ জন শিক্ষককে পরিমার্জিত শিক্ষাক্রমের ১০টি বিষয়ে বণ্টন করে দিতে হবে। একটি বিষয়ে একাধিক শিক্ষক এবং কোনো বিষয়ে শিক্ষক নেই এভাবে বণ্টন করা যাবে না।

- কোনো বিদ্যালয়ের শিক্ষক সংখ্যা ১০ জনের অধিক হলে বিষয় বণ্টন তালিকা অনুযায়ী নতুন শিক্ষাক্রমের ১০টি বিষয়ে ১০ জনকে দায়িত্ব বণ্টণের পর অন্যান্য শিক্ষকদের জন্য তালিকা অনুযায়ী বিষয় বণ্টন করতে হবে।
- শিক্ষক সংখ্যা ১০ জনের কম হলে ম্যাচিং তালিকা অনুযায়ী তাদের বিষয় বণ্টন করে অতিরিক্ত দায়িত্ব হিসেবে অন্যান্য বিষয়গুলো তাদের নিজ বিষয়, আগ্রহ ও দক্ষতা বিবেচনায় রেখে বণ্টন করে দিতে হবে।
- হিন্দুধর্ম শিক্ষা, খ্রিস্টধর্ম শিক্ষা ও বৌদ্ধধর্ম শিক্ষা বিষয়ের নিয়োগপ্রাপ্ত শিক্ষক না থাকলে উক্ত বিষয়ে আগ্রহী সংশ্লিষ্ট ধর্মানুসারী শিক্ষককে তার নিজ বিষয়ের দায়িত্ব বণ্টনের পর অতিরিক্ত দায়িত্ব হিসেবে এই বিষয়গুলোর দায়িত্ব বণ্টন করা যেতে পারে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তির শিক্ষক না থাকলে ডিজিটাল প্রযুক্তি বিষয়ের ক্ষেত্রে যে শিক্ষক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে বর্তমানে শ্রেণি কার্যক্রম পরিচালনা করছে বা তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে দক্ষ ও আগ্রহী কিংবা এই বিষয়ে কোনো প্রশিক্ষণ রয়েছে এমন শিক্ষককে বিষয়টি বণ্টন করা যেতে পারে।

## বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে বিষয়ভিত্তিক পদে কর্মরত শিক্ষকদের জন্য

| ক্রম | নতুন শিক্ষাক্রমের বিষয় | বিষয়ভিত্তিক পদ (বিদ্যমান) |
|---|---|---|
| ১. | বাংলা | বাংলা |
| ২. | ইংরেজি | ইংরেজি |
| ৩. | গণিত | গণিত |
| ৪. | বিজ্ঞান | ভৌতবিজ্ঞান / জীববিজ্ঞান |
| ৫. | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | সামাজিক বিজ্ঞান |
| ৬. | ডিজিটাল প্রযুক্তি | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি |
| ৭. | জীবন ও জীবিকা | কৃষি শিক্ষা / ব্যবসায় শিক্ষা |
| ৮. | স্বাস্থ্য সুরক্ষা | শারীরিক শিক্ষা / জীববিজ্ঞান / গার্হস্থ্য বিজ্ঞান |
| ৯. | ধর্ম শিক্ষা | ধর্ম ও নৈতিক শিক্ষা (প্রাপ্যতা সাপেক্ষে প্রতিটি ধর্মের জন্য) |
| ১০. | শিল্প ও সংস্কৃতি | চারু ও কারুকলা / এ বিষয়ে দক্ষ ও আগ্রহী শিক্ষকের নাম প্রস্তাব করা যেতে পারে |

**২০২৩ সাল থেকে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে প্রণীত নতুন পাঠ্যপুস্তক ও শিখন সামগ্রীর বাস্তবায়ন শুরু হতে যাচ্ছে। উক্ত শিক্ষাক্রমে ৪টি ধর্ম শিক্ষাসহ মোট ১৩টি বিষয় রয়েছে। সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে বিদ্যমান পদগুলোতে যারা শিক্ষক হিসেবে বর্তমানে কর্মরত রয়েছেন, তারা নতুন শিক্ষাক্রম অনুযায়ী কে কোন বিষয়ে শ্রেণি শিখন শেখানো কার্যক্রম পরিচালনা করবেন এবং কোন বিষয়ে প্রশিক্ষণ নিতে পারবেন তা উপরের তালিকায় বিন্যস্ত করা হয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ এই তালিকা অনুসরণ করে তার প্রতিষ্ঠানে শিক্ষকগণের জন্য বিষয় বণ্টন করবেন। এক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলো লক্ষ্য রাখতে হবে:

- তালিকা অনুসরণ করে প্রতিষ্ঠান প্রধানগণ তার শিক্ষকগণের জন্য বিষয় বণ্টন করে অনলাইনে বিষয়ভিত্তিক শিক্ষকগণের ডাটা এন্ট্রি দিবেন।
- অনলাইনে বিদ্যমান সকল বিষয়ের শিক্ষককে পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী নির্বাচিত বিষয়সমূহের কোনো না কোনো বিয়য়ে নাম এন্ট্রি দিতে হবে।
- কোনো বিদ্যালয়ে শিক্ষকের সংখ্যা ১০জন হলে ১০জন শিক্ষককে পরিমার্জিত শিক্ষাক্রমের ১০টি বিষয়ে বণ্টন করে দিতে হবে। একটি বিষয়ে একাধিক শিক্ষক এবং কোনো বিষয়ে শিক্ষক নেই এভাবে বণ্টন করা যাবে না।
- শিক্ষক সংখ্যা ১০ জনের অধিক হলে ম্যাচিং তালিকা অনুযায়ী নতুন শিক্ষাক্রমের ১০ টি বিষয়ে ১০ জনকে দায়িত্ব বণ্টণের পর অন্যান্য শিক্ষকদের জন্য তালিকা অনুযায়ী বিষয় বণ্টন করতে হবে।
- শিক্ষক সংখ্যা ১০ জনের কম হলে ম্যাচিং তালিকা অনুযায়ী তাদের বিষয় বণ্টন করে অতিরিক্ত দায়িত্ব হিসেবে অন্যান্য বিষয়গুলো তাদের নিজ বিষয়, আগ্রহ ও দক্ষতা বিবেচনায় রেখে বণ্টন করে দিতে হবে।
- হিন্দুধর্ম শিক্ষা, খ্রিস্টধর্ম শিক্ষা ও বৌদ্ধধর্ম শিক্ষা বিষয়ের নিয়োগ না থাকলে উক্ত বিষয়ে আগ্রহী সংশ্লিষ্ট ধর্মানুসারী শিক্ষককে তার নিজ বিষয়ের দায়িত্ব বণ্টনের পর অতিরিক্ত হিসেবে এই বিষয়গুলোর দায়িত্ব বণ্টন করা যেতে পারে।


- চারু ও কারুকলা শিক্ষক না থাকলে শিল্প ও সংস্কৃতি বিষয়ের ক্ষেত্রে আগ্রহী কিংবা এই বিষয়ে দক্ষতা আছে এই ধরনের শিক্ষককে উক্ত বিষয়ের দায়িত্ব বণ্টন করা যেতে পারে।
- ২০২১ এর জনবল কাঠামোর পূর্বে নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষক পদে যারা কর্মরত আছেন তাদের মূল বিষয় বিবেচনায় রেখে তাদের জন্য বিষয় নির্ধারণ করা যেতে পারে।


**“মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, স্কুল এন্ড কলেজ) শিক্ষকগণের নতুন শিক্ষাক্রম অনুযায়ী বিষয় বণ্টনের তথ্য EMIS সিস্টেমে প্রদানের নির্দেশিকা”**

প্রতিষ্ঠান প্রধানগণকে অনলাইনে EMIS সফটওয়্যারে (emis.gov.bd) প্রতিষ্ঠানের ইউজার আইডি (EIIN) ও পাসওয়ার্ড দিয়ে লগ-ইন করে NCF মডিউলে প্রবেশ করে তথ্য প্রদান করতে হবে।


এখানে ক্লিক করে লগ-ইন করতে হবে







লগ-ইন করার পর “NCF” মডিউলে ক্লিক করতে হবে।




“NCF” মডিউলে প্রবেশ করলে নিম্নের window প্রদর্শিত হবে।


এখানে “Teacher Subject Selection”/ “শিক্ষকদের বিষয় নির্ধারন” menu তে ক্লিক করে তথ্য প্রদানের ফরমে প্রবেশ করতে হবে।



ফরমটিতে প্রতিষ্ঠানের শিক্ষকদের তালিকা প্রদর্শিত হবে। তালিকায় সকল শিক্ষকের তথ্য না থাকলে যে সকল শিক্ষকের নাম নাই তাদের প্রথমে শিক্ষকের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে (**রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশিকা** দ্রষ্টব্য), তারপর এই ফরমে তথ্য প্রদান করতে হবে।

নিচের ফরমে প্রত্যেক শিক্ষকের জন্য “**বিষয় নির্ধারণ সংক্রান্ত গাইডলাইন”** অনুযায়ী নির্ধারিত বিষয় নির্বাচন করতে হবে। **গাইডলাইন** অনুসারে প্রয়োজনে শিক্ষকের জন্য একাধিক বিষয় নির্বাচন করা যাবে। সকল বিষয়ই কোন না কোন শিক্ষককের জন্য নির্ধারণ করতে হবে। শুধুমাত্র শিক্ষকদের জন্য বিষয় বন্টন করতে হবে। তালিকায় শিক্ষক ব্যতীত অন্য কারো নাম থাকলে তার বিষয়ের ক্ষেত্রে “N/A Not Applicable” নির্বাচন করতে হবে।

এছাড়াও মোবাইল ও ই-মেইল ঠিকানা হালনাগাদ করতে হবে। মোবাইল ও ই-মেইল ঠিকানা প্রত্যেকের জন্য আলাদা আলাদা হতে হবে। অন্যান্য কলাম পূরন যোগ্য নয়। সকল শিক্ষকের তথ্য প্রদান শেষে “Save” বাটনে ক্লিক করে তথ্য প্রদান সম্পন্ন করতে হবে।



New Teacher Subject Selection (National Curriculum-2021)

Save | Help

জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১ অনুসারে শিক্ষকের বিষয় নির্ধারণ

Institute: 100019 - CHILA HASHEM BISWAS HIGH SCHOOL

Submitted Date: 31-08-2022


Teacher/Employee


| # | Emp Id | MPO Index | Name | Designation | Subject | Mobile No. | Email | Assign subject as per National Curriculum 2021 |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 100099473 | B287029 | MD ABUL KALAM AZAD | ASSISTANT TEACHER (ENGLISH) | N/A (NOT APPLICABLE) | 01712345678 | Not@vailable.com | × English |
| 2 | 100099435 | B212680 | GOURANGA CHANDRA MANDAL | ASSISTANT TEACHER (BANGLA) | N/A (NOT APPLICABLE) | . | Not@vailable.com | × Bangla |
| 3 | 100099430 | B211469 | ABDUL MOTALEB | ASSISTANT TEACHER (SOCIAL SCIENCE) | N/A (NOT APPLICABLE) | . | Not@vailable.com | × Science |
| 4 | 100099512 | B214673 | AZHAR UDDIN HOWLADER | ASSISTANT TEACHER (SEC-HRT) | N/A (NOT APPLICABLE) | . | Not@vailable.com | |
| 5 | 100099484 | B293240 | TAPASI RANI | ASSISTANT TEACHER | N/A (NOT APPLICABLE) | | | |

এখানে বিষয় নির্বাচন করতে হবে

## “মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ) শিক্ষক-কর্মচারীগণের EMIS সিস্টেমে রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশিকা”

EMIS সিস্টেমে পূর্বে রেজিস্ট্রেশনকৃত অথবা এমপিওভুক্ত অথবা সরকারি শিক্ষক যাদের তথ্য পূর্বে অন্তর্ভূক্ত করা হয়েছে সে সমস্ত সরকারি-বেসরকারি শিক্ষক কর্মচারির তথ্য emis.gov.bd ওয়েবসাইটের **“পোর্টাল” / “Portal”**মেনুতে ক্লিক করে দেখা যায়।








পূর্বে রেজিস্ট্রেশনকৃত অথবা এমপিওভূক্ত অথবা সরকারি শিক্ষক যাদের তথ্য পূর্বে অন্তর্ভূক্ত করা হয়েছে সে সমস্ত সরকারি-বেসরকারি শিক্ষকদের পূনরায় রেজিস্ট্রেশন করার দরকার নাই।

প্রতিষ্ঠানে বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত যে সমস্ত শিক্ষকের তথ্য EMIS ডাটাবেইজে নাই তাদেরকে রেজিস্ট্রেশন করে EMIS সিস্টেমে অন্তর্ভুক্ত হতে হবে।

**বেসরকারি শিক্ষা** প্রতিষ্ঠানের ক্ষেত্রে এমপিওবিহীন শিক্ষকগণ প্রথমে emis.gov.bd সিস্টেমে রেজিস্ট্রেশন করে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অনুমোদন করতে হবে। এমপিওভুক্ত শিক্ষকগণের রেজিস্ট্রেশন করার প্রয়োজন নাই।

**সরকারি শিক্ষা** প্রতিষ্ঠানের ক্ষেত্রে যে সকল শিক্ষকগণের EMIS সিস্টেমে পূর্বে রেজিস্ট্রেশন করা নাই তাদের প্রথমে emis.gov.bd সিস্টেমে রেজিস্ট্রেশন করে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অনুমোদনের পর মাধ্যমিক উইং কর্তৃক অনুমোদন করতে হবে।








## “মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ) প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক EMIS সিস্টেমে শিক্ষক-কর্মচারীগণের রেজিস্ট্রেশন অনুমোদন সংক্রান্ত নির্দেশিকা”

প্রতিষ্ঠান প্রধানগণকে অনলাইনে EMIS সফটওয়্যারে (emis.gov.bd) প্রতিষ্ঠানের ইউজার আইডি (EIIN) ও পাসওয়ার্ড দিয়ে লগ-ইন করে HRM মডিউলে প্রবেশ করে তথ্য প্রদান করতে হবে।

এখানে ক্লিক করে লগ-ইন করতে হবে







লগ-ইন করার পর “HRM” মডিউলে ক্লিক করতে হবে।





তারপর শিক্ষক / কর্মকর্তা-কর্মচারীর রেজিস্ট্রেশন অনুমোদনের মেনুতে ক্লিক করতে হবে।




পরবর্তী পেইজে তালিকা থেকে রেজিস্ট্রেশন অনুমোদনের জন্য সংশ্লিষ্ট শিক্ষক-কর্মাচারির তথ্য ক্লিক করে অনুমোদন/বাতিল করা যাবে (বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে)। সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে রেজিস্ট্রেশনটি ফরোয়ার্ড/বাতিল করা যাবে, ফরোয়ার্ডকৃত রেজিস্ট্রেশন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমিক উইং কর্তৃক অনমোদন করা হবে।


এখানে ক্লিক করতে হবে




বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে এখানে ক্লিক করে অনুমোদন করা যাবে



সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে এখানে ক্লিক করে ফরোয়ার্ড করা যাবে




অনুমোদনের পর সংশ্লিষ্ট শিক্ষক-কর্মাচারির রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হবে এবং তার তথ্য “পোর্টাল” এ দেখা যাবে।

এ সংক্রান্ত কারিগরি সমস্যার ক্ষেত্রে EMIS সেলের ফেসবুক পেজ

( www.facebook.com/emis.dshe ) -এ সহায়তা পাওয়া যাবে।